গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.০৬.০০২.১৬- ৩৬৬২

তারিখঃ ১৬/০৪/ ১৪৩০ বঃ
৩১/০৭/ ২০২৩ খ্রিঃ

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সংশোধিত কর্মসূচি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : (ক) সুরক্ষা সেবা বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.২৩.০০২.২৩.২২০ তারিখ: ১৯ জুলাই ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের নিমিত্ত সূত্রোক্ত 'ক' স্মারকপত্রের নির্দেশনা অনুযায়ী খসড়া কর্মসূচি প্রণয়ন করা হয়েছে।

২। এমতাবস্থায়, **'জাতীয় শোক দিবস ২০২৩'** পালনের নিমিত্ত উক্ত দিবসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মসূচিটি সদয় অনুমোদনের জন্য হার্ডকপি সরাসরি এবং সফটকপি ই-মেইলের (admin৩@ssd.gov.bd) মাধ্যমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: গৃহীত কর্মসূচি-০২(দুই) পাতা।

৩১/০৭/২০২৩
ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ মাইন উদ্দিন, বিএসপি (বার), এনডিসি, পিএসসি, জি, এমফিল
মহাপরিচালক
ফোন: ০২-২৩৩৩৮৩৬১৪

সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, প্রশাসন-৩ শাখা]

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি বিতরণ :
১. অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশা: ও অর্থ)/(অপা: ও মেইন:)/(পরি: উন্ন: ও প্রশি:), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক/অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ........................................... (সকল)।
৪. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,............................................. (সকল)।
৫. উপসহকারী পরিচালক/ওয়্যারহাউজ ইন্সপেক্টর/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ......(সকল)
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রিফর্ম সেল/ প্রশিক্ষণ সেল/ আইটি সেল/ মিডিয়া সেল/ লিগ্যাল এন্ড এস্টেট সেল/ ডাটা এন্ট্রি সেল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।[গৃহীত কর্মসূচি সকলকে অবহিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হলো]
৭. শাখা প্রধান/ সুপার.........................শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি

| তারিখ | সময় | অনুষ্ঠানসূচি | বাস্তবায়নকারী দপ্তর/ কর্মকর্তা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৫ আগস্ট, ২০২৩ | সূর্যোদয় হতে সূর্যাস্ত | অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর ও স্টেশনসমূহে ফ্ল্যাগ রুলস অনুযায়ী জাতীয় পতাকা অর্ধনমিত রাখা; | অধিদপ্তর : এসএসও, রমনা<br>বিভাগীয় দপ্তর : এসএসও (বিভাগীয় সদর স্টেশন)<br>জেলা দপ্তর : জেলা কর্মকর্তা (সকল)<br>স্টেশন ভবন : এসএসও/ এসও (সকল) | |
| | ১৫ আগস্ট সূর্যোদয় হতে ১৬ আগস্ট সূর্যোদয় | অধিদপ্তরসহ সকল বিভাগীয় দপ্তর, ট্রেনিং কমপ্লেক্স, জেলা দপ্তর ও স্টেশনসমূহে জাতীয় শোক দিবসের ব্যানার ও ফেস্টুন টানানো; | অধিদপ্তর : এসএসও, রমনা<br>বিভাগীয় দপ্তর : এসএসও (বিভাগীয় সদর স্টেশন)<br>জেলা দপ্তর : জেলা কর্মকর্তা (সকল)<br>স্টেশন ভবন : এসএসও/ এসও (সকল) | |
| | ১৫ আগস্ট'২৩ ০০.০১ হতে ২৩.৫৯ | অধিদপ্তরের আওতাধীন LED Display Board এ জাতির পিতা শেখ মুজিবুর রহমান এঁর কর্ম ও জীবন বিষয়ক চিত্রের প্রদর্শনী; | ফায়ার সার্ভিস কল্যাণ ট্রাস্ট : ডিএমডি, কল্যাণ ট্রাস্ট | |
| | এসএসএফ নির্ধারিত সময় | ৩২ ধানমন্ডিস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ঢাকার বনানী কবরস্থান, টুঙ্গী পাড়াস্থিত জাতির জনক শেখ মুজিবুর রহমানের সমাধিস্থল এ পুস্পস্তবক অর্পনকালে ধানমন্ডি লেক এ নৌ টহলের ব্যবস্থাসহ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ; | বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর : সহকারী পরিচালক, ঢাকা ও তার ইউনিট<br>বনানী কবরস্থান : উপসহকারী পরিচালক(জোন-৬) ও তার ইউনিট<br>টুঙ্গী পাড়াস্থিত সমাধিস্থল : উপসহকারী পরিচালক, গোপালগঞ্জ ও তার ইউনিট | |
| | ০৮.০০ (অথবা সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক নির্ধারিত সময়) | জাতির জনক শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে অধিদপ্তরের পক্ষে মহাপরিচালক কর্তৃক পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধার্ঘ্য নিবেদন (সুরক্ষা সেবা বিভাগের সাথে); | অধিদপ্তর : মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ও সংগীয় কর্মকর্তাগণ | |
| | এসএসএফ নির্ধারিত সময় | পদ্মা সেতুর দুইপ্রান্তে নিরাপত্তা ইউনিট মোতায়েন | মাওয়া প্রান্ত : উপসহকারী পরিচালক, মুন্সিগঞ্জ ও তার ইউনিট<br>জাজিরা প্রান্ত : উপসহকারী পরিচালক, মাদারীপুর ও তার ইউনিট | |
| | ০৯:০০ হতে ১০.৩০ | সামাজিক দূরত্ব বজায় রেখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর-এ কর্মকর্তা-কর্মচারীদের স্কুল পর্যায়ের শিশু কিশোরদের জন্য জাতির পিতা শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ বিষয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা; | ট্রেনিং কমপ্লেক্স মিরপুর : # অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর # ভারপ্রাপ্ত কর্মকর্তা,মিডিয়া সেল | |
| | ১১.০০ হতে ১২.৩০ | সামাজিক দূরত্ব বজায় রেখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স মিরপুর-এ জাতির পিতার উপর নির্মিত চলচিত্র প্রদর্শনী ও আলোচনা সভা; | ট্রেনিং কমপ্লেক্স, অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর<br>বিভাগীয় সদর দপ্তর (সকল) উপপরিচালক (সংশ্লিষ্ট বিভাগ) | |
| | ০৯:০০ হতে ২৩.৫৯ | দাপ্তরিক ওয়েবসাইট ও দাপ্তরিক ফেসবুক পেজে জাতির পিতা শেখ মুজিবুর রহমান এঁর জীবনী সম্পর্কিত প্রামাণ্য চিত্র আপলোডকরণ ও প্রদর্শন; | অধিদপ্তর : ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইটিসেল) | |
| | বাদ যোহর | অধিদপ্তরের কেন্দ্রীয় জামে মসজিদসহ ট্রেনিং কমপ্লেক্স ও বিভাগীয় সদর দপ্তরের সকল মসজিদে বাদ জোহর সামাজিক দূরত্ব বজায় রেখে জাতির পিতা শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টে তাঁর পরিবারের শাহাদত বরণকারী সদস্যদের জন্য কোরআনখানি ও বিশেষ মোনাজাত; | অধিদপ্তর : সহকারী পরিচালক (ঢাকা) এসএসও, রমনা ধর্মীয় শিক্ষক, অধিদপ্তর,<br>বিভাগীয় দপ্তর : উপপরিচালক (সকল বিভাগ)<br>ট্রেনিং কমপ্লেক্স : অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স | |
| | ১৭.০০মি: হতে ১৮:০০ মি. | জাতীর পিতা শেখ মুজিবুর রহমান এঁর জীবনী সম্পর্কিত প্রামাণ্য চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ; | অধিদপ্তর : সহকারী পরিচালক (ঢাকা) এসএসও, রমনা<br>বিভাগীয় দপ্তর : উপপরিচালক (সকল বিভাগ)<br>ট্রেনিং কমপ্লেক্স : অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স | |

কর্মসূচি বাস্তবায়নকারী ও অংশগ্রহণকারীদের প্রতি নির্দেশনা:

১. ফ্ল্যাগ রুলস-এ বর্ণিত বিধি অনুযায়ী সঠিকমাপে ও যথাযথভাবে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।

২. কালো কাপড়ের উপর সাদা লেখা দিয়ে শোকদিবসের ব্যানার তৈরি করতে হবে। ব্যানারের নমুনা উপপরিচালক, ঢাকা বিভাগ, ঢাকা-র দপ্তর হতে সংগ্রহ করতে হবে।

৩. রক্তস্নাত শোকাবহ আগস্ট স্মরণে মন্ত্রিপরিষদ বিভাগের ২২ জুন ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.০০২.২৩.৪৪৬ সংখ্যক স্মারকের নির্দেশনা অনুসারে অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী ১ আগস্ট ২০২৩ তারিখ হতে মাসব্যাপী কালোব্যাজ পরিধান করবেন।

৪. নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সকল সদস্যের সিটিএসবি/ডিএসবি পাশ নিশ্চিত করতে হবে। সংগৃহীত পাশ ডিউটিকালীন সময়ে ইউনিফরমের বাম পাশের বুক পকেটে দৃশ্যমানভাবে ঝুলানো থাকবে।

৫. নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ইউনিট অধিদপ্তরের অপারেশান শাখা নির্দেশিত গাড়ি-পাম্প, জলযান ও সাজসরঞ্জামাদি সংগ্রহ করত ডিউটির ৬ ঘন্টা পূর্বে সেগুলোর কার্যকারিতা নিশ্চিত করবেন।

৬. তথ্য মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে জাতির পিতা শেখ মুজিবুর রহমান এঁর জীবনীর উপর প্রামাণ্য চিত্র সংগ্রহ করতে হবে।

৭. ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর-এর অধ্যক্ষ জাতির পিতার অস্থায়ী প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদনের ব্যবস্থা করবেন।

৮. একই সময়ে জাতীয়/বিভাগীয়/ জেলা/ উপজেলা প্রশাসনের কর্মসূচি থাকলে তা সমন্বয় করে নিতে হবে এবং উক্ত কর্মসূচিকে প্রাধান্য দিতে হবে।

৯. জেলায় অবস্থিত ফায়ার স্টেশনগুলো নিজ জেলায় পালিতব্য কর্মসূচিতে অংশগ্রহণ করবে।

৩১/০৭/২০২৩

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ মাইন উদ্দিন, বিএসপি(বার), এনডিসি, পিএসসি, জি, এমফিল
মহাপরিচালক

৩১/৭/২৩